

সুনান আবূ দাউদ (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৬৭

১/ পবিত্রতা (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ৩৪. বুদা'আ কৃপের পানি সম্পর্কে।

باب مَا جَاءَ فِي بِئْرِ بُضَاعَةً

আরবী

حَدَّتَنَا أَحْمَدُ بْنُ أَبِي شُعَيْب، وَعَبْدُ الْعَزِيزِ بْنُ يَحْيَى الْحَرَّانِيَّانِ، قَالاَ حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ إِسْحَاقَ، عَنْ سَلِيطِ بْنِ أَيُّوب، عَنْ عُبَيْدِ اللَّهِ بْنِ عَبْدِ الرَّحْمَنِ بْنِ رَافِعِ الأَنْصَارِيِّ، ثُمَّ الْعَدَوِيِّ عَنْ أَبِي سَعِيدِ الْخُدْرِيِّ، قَالَ سَمِعْتُ رَسُولَ اللَّهِ صلى الله عليه وسلم وَهُو يُقَالُ لَهُ إِنَّهُ يُسْتَقَى لَكَ مِنْ بِنْرِ بُضَاعَةَ وَهِيَ بِنِّرٌ يُلْقَى فِيهَا لُحُومُ الْكِلاَبِ عليه وسلم وَهُو يُقَالُ لَهُ إِنَّهُ يُسْتَقَى لَكَ مِنْ بِنْرِ بُضَاعَةَ وَهِيَ بِنِّرٌ يُلْقَى فِيهَا لُحُومُ الْكِلاَبِ عليه وسلم " إِنَّ الْمَاءَ طَهُورٌ لاَ وَالْمَحَايِضُ وَعَدَرُ النَّاسِ . قَالَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم " إِنَّ الْمَاءَ طَهُورٌ لاَ يُنجَسِّهُ شَىٰءٌ " . قَالَ أَبُو دَاوُدَ وَسَمِعْتُ قُتَيْبَةَ بْنَ سَعِيدِ قَالَ سَأَلْتُ قَيِّمَ بِنْرِ بُضَاعَةَ عَنْ عُمْقِهَا قَالَ أَكُونُ فِيهَا الْمَاءُ إِلَى الْعَانَةِ . قُلْتُ فَإِذَا نَقَصَ قَالَ دُونَ الْعَوْرَةِ . قَالَ عُمْقِهَا قَالَ أَكْتُرُ مَا يَكُونُ فِيهَا الْمَاءُ إِلَى الْعَانَةِ . قُلْتُ فَإِذَا نَقَصَ قَالَ دُونَ الْعَوْرَةِ . قَالَ عُمْقَهَا قَالَ أَكْتُرُ مَا يَكُونُ فِيهَا الْمَاءُ إِلَى الْعَانَةِ . قُلْتُ فَإِذَا نَقَصَ قَالَ دُونَ الْعَوْرَةِ . قَالَ عُرْدَ وَقَدَّرْتُ أَنَا بِنْرَ بُضَاعَةَ بِرِدَائِي مَدَدُّتُهُ عَلَيْهَا ثُمَّ ذَرَعْتُهُ فَإِذَا عَرْضُهُا سِتَّةُ أَذْرُعِ وَسَأَلْتُ اللّهُ عَلَى اللّهُ عَلَيْهِ الْمُعَالَى اللّهُ عَلَيْهِ قَالَ لاَ وَلَا مُاءً مُتَغَيِّرَ اللَّوْن . وَرَأَيْتُ فِيهَا مَاءً مُتَغَيِّرَ اللَّوْن .

حكم: صحيح (الألباني

বাংলা

৬৭. আহমাদ ইবনু আবৃ শুআইব আবৃ সাঈদ আল-খুদরী (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেছেন, আমি রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়া সাল্লামের নিকট শুনেছি একদা তাকে এইরূপ বলা হয় যে, আপনার জন্য বুদাআ কূপের পানি আনা হবে। এমন কূপ যেখানে কুকুরের মাংস, স্ত্রীলোকদের হায়েযের নেকড়া এবং মানুষের ময়লা আবর্জনা নিক্ষেপ করা হয়। জবাবে রাসুলুল্লাহ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়া সাল্লাম বলেনঃ পানির পবিত্রতাকে কোন কিছুই অপবিত্র করতে পারে না। (নাসাঈ, তিরমিয়ী)।



ইমাম আবু দাউদ (রহঃ) বলেন, আমি কুতাইবা ইবনু সাঈদকে বলতে শুনেছিঃ আমি বুদাআ কূপের নিকট অবস্থানকারীকে এর গভীরতা সম্পর্কে জিজ্ঞেস করেছিলাম। জবাবে তিনি বললেন, এই কূপের পানি যখন বেশী হয়, তখন তাতে নাভির নিম্ন পরিমাণ পানি থাকে। তখন আমি (কাতাদা) জিজ্ঞেস করলাম, যখন পানি কম হয় (তখন এর পরিমাণ কি থাকে?) তিনি জবাবে বললেন, হাঁটু পর্যন্ত।

ইমাম আবু দাউদ (রহঃ) বলেন, আমি আমার চাদর দ্বারা এর পরিমাণ নির্ধারণ করি। আমি আমার চাদর এর উপর বিছিয়ে দিয়ে অতঃপর তা মেপে দেখি যে, এর প্রস্থ ছয় হাত পরিমাণ।

ইমাম আবু দাউদ (রহঃ) আরো বলেন, বুদাআ কূপটি যে বাগানে অবস্থিত, তাতে প্রবেশের দ্বার যে ব্যাক্তিটি খুলে দিয়েছিল, আমি তাকে জিজ্ঞেস করি, কূপটির পূর্ব রূপের কোন পরিবর্তন হয়েছে কি? জবাবে সে বলল, না, এবং আমি উক্ত কূপের পানির রং পরিবর্তিত অবস্থায় দেখেছি।

English

Narrated AbuSa'id al-Khudri:

I heard that the people asked the Prophet of Allah (ﷺ): Water is brought for you from the well of Buda'ah. It is a well in which dead dogs, menstrual clothes and excrement of people are thrown. The Messenger of Allah (ﷺ) replied: Verily water is pure and is not defiled by anything.

Abu Dawud said I heard Qutaibah b. Sa'id say: I asked the person in charge of the well of Bud'ah about the depth of the well. He replied: At most the water reaches pubes. Then I asked: Where does it reach when its level goes down? He replied: Below the private part of the body.

Abu Dawud said: I measured the breadth of the well of Buda'ah with my sheet which I stretched over it. I them measured it with the hand. It measured six cubits in breadth. I then asked the man who opened the door of garden for me and admitted me to it: Has the condition of this well changed from what it had originally been in the past? He replied: No. I saw the color of water in this well had changed.

Grade: Sahih (Al-Albani)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ আবৃ সা'ঈদ খুদরী (রাঃ)



👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন